114

দৈনিক ইনকিলাব

তারিখ ... 04 AUG 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# সূর্যসেন হল আবার অশান্ত ঃ ৫ রাউন্ড এসএলআরের গুলী উদ্ধার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল আবার অশান্ত হয়ে উঠেছে। পুলিশ গতকাল হলের একটি বাথরুম থেকে ৫ রাউন্ড এসএলআর-এর গুলী উদ্ধার করেছে। ভুয়া পরিচয়পত্রধারী এক তরুণকে পুলিশ আটক করে। হল প্রভোস্টের নির্দেশে পুলিশ তাকে ছেড়ে দিলে এর প্রতিবাদে মুজিববাদী ছাত্রলীগ একটি বিক্ষোভ মিছিল বের করে। তারা হল প্রভোস্ট প্রফেসর ইউসুফ হায়দারের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলে তার অপসারণ দাবী করে। গতকাল দুপুরে হল এলাকায় ছাত্রলীগ এ মিছিল বের করে। এই ঘটনাকে কেন্দ্র করে হলে অবস্থানকারী ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মাঝে উত্তেজনার সৃষ্টি হয়। ঘটনাটি হলে অবস্থানকারী অতি অল্প সংখ্যক সাধারণ ছাত্রের মাঝে আতংকের সৃষ্টি করে। হলে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীরা সতর্ক অবস্থায় প্রস্তুত রয়েছে।

গতকাল দুপুরে এক তরুণ সূর্যসেন হলের এক প্রাক্তন ছাত্রের মেয়াদোত্তীর্ণ আবাসিক পরিচয়পত্রে নিজের ছবি লাগিয়ে হলে প্রবেশের সময় হল গেটে ছাত্রলীগ কর্মীরা তার পরিচয়পত্র চ্যালেঞ্জ করে। সেখানে উপস্থিত হাউজ টিউটর পরিচয়পত্রটি পরীক্ষা করে তা জাল দেখতে পান। তখন পুলিশ তাকে আটক করে। বিষয়টি হল প্রভোস্টকে জানানো হলে প্রভোস্ট পরিচয়পত্রটি রেখে তরুণটিকে ছেড়ে দেবার নির্দেশ দেন। তখন পুলিশ তাকে ছেড়ে দিলে ছাত্রলীগ কর্মীরা এর তীব্র প্রতিবাদ জানাতে থাকে। এক পর্যায়ে তারা সংঘটিত হয়ে হল গেট থেকে একটি মিছিল বের করে। হল প্রভোস্টের অপসারণ দাবী করে শ্লোগান দিয়ে মিছিল নিয়ে তারা ভিসি অফিসে যান এবং ঘটনাটি ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীকে অবহিত করেন। বিচ্ছিন্ন ঘটনায় পুলিশ হলের দোতলার ২৪৮ ও ২৫৭ নং কক্ষের মধ্যবর্তী বাথরুমের কার্নিশ থেকে ৫ রাউন্ড এসএলআর-এর গুলী উদ্ধার করে।